কৃষিই সমৃদ্ধি

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কৃষি মন্ত্রণালয়, বীজ অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়
www.moa.gov.bd

**স্মারক নং-১২.০০.০০০০.০৯৭.০২.০০২.১৬-১৪৩** **তারিখ : ০৫-০২-১৭ খ্রিঃ**

**বিষয় : জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর ৯১তম সভার কার্যবিবরণী প্রেরণ।**

কৃষি সচিব ও জাতীয় বীজ বোর্ডের সভাপতি জনাব মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ্ মহোদয়ের সভাপতিত্বে ০১-০২-২০১৭ তারিখে অনুষ্ঠিত জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর ৯১তম সভার কার্যবিবরণী অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্সঙ্গে প্রেরণ করা হলো।

**সংযুক্তি :** ক) ৯১তম সভার কার্যবিবরণী (কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েবসাইট ও সংশ্লিষ্ট ই-মেইলে প্রেরণ করা হয়েছে)।
খ) উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক'।

০৫/০২/১৭

**(মোঃ আজিম উদ্দিন)**
প্রধান বীজতত্ত্ববিদ
ফোন/ফ্যাক্স ঃ ৯৫৪০২৩৮
E-mail: azimseed@gmail.com

**কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

০১। উপাচার্য, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ-২২০০;
০২। চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০;
০৩। নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি, ফার্মগেট, ঢাকা-১২১৫;
০৪। যুগ্ম সচিব (ব্যয় নিয়ন্ত্রণ ও পরিদর্শন), অর্থ বিভাগ (কক্ষ নং-২১৯), অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৫। সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বিএডিসি, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০;
০৬। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা -১২১৫;
০৭। মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১;
০৮। মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১;
০৯। মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনষ্টিটিউট, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭;
১০। মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনষ্টিটিউট, বাকৃবি চত্বর, ময়মনসিংহ-২২০০;
১১। মহাপরিচালক, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদি, পাবনা-৬৬২০;
১২। নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৩। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর-১৭০১;
১৪। পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৫। পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, ডিএই, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৬। জনাব এম আনিস উদ দৌলা, চেয়ারম্যান, এসিআই লিঃ এবং সভাপতি, বাংলাদেশ সীড এসোসিয়েশন, সিদ্দিক বাজার, ঢাকা।

**অবগতি ও সদয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য);
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য);
০৩। সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৪। প্রোগ্রামার, আইসিটি শাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
০৫। অতিরিক্ত সচিব (গবেষণা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৬। মহাপরিচালক, বীজ অনুবিভাগ মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৭। অফিস কপি/মাস্টার ফাইল।

E:\NSB Note, Letter & Minutes (2016-17)\Meeting Minutes Letter.doc

## জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর ৯১তম সভার কার্যবিবরণী

**সভাপতি** : মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ্‌, সচিব, কৃষি মন্ত্রণালয়।
**সভার তারিখ** : ০১ ফেব্রুয়ারি, ২০১৭ খ্রিঃ।
**সময়** : বেলা ৩.০০ ঘটিকা।
**স্থান** : কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।
**উপস্থিতি** : পরিশিষ্ট-'ক'।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং প্রধান বীজতত্ত্ববিদ, জনাব মো: আজিম উদ্দিনকে ৯১তম সভার কার্যপত্র অনুযায়ী আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের আহ্বান জানান। প্রধান বীজতত্ত্ববিদ সভায় আলোচ্য বিষয়সমূহ ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

**আলোচ্য সূচী-(ক) : ০৯/১০/২০১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত জাতীয় বীজ বোর্ডের ৯০তম সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।**

আলোচনা : জাতীয় বীজ বোর্ড (এনএসবি)-এর ৯০তম সভা ০৯/১০/২০১৬খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী ১৭/১০/২০১৬ খ্রিঃ তারিখে ১২.০০.০০০০.০৯৭.০২.০০২.১৬-৬৩৬ নম্বর স্মারকের মাধ্যমে বোর্ডের সকল সদস্যের নিকট পাঠানো হয়। কার্যবিবরণীর আলোচ্যসূচী-(ছ) এর ১০ ও ১১ নং ক্রমিকের উল্লিখিত পারটেক্স হাইব্রিড ধান-৫ (এইচআর-২৯) ও পারটেক্স হাইব্রিড ধান-৬ (এইচআর-৩০) এর স্থলে যথাক্রমে পারটেক্স হাইব্রিড ধান-৩ (এইচআর-২৯) ও পারটেক্স হাইব্রিড ধান-৪ (এইচআর-৩০) হবে বলে পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী জানান। জাতীয় বীজ বোর্ডের ৭৫তম সভায় পারটেক্স হাইব্রিড ধান-৪ (জেকেআরএইচ-১২২০) নামে একটি জাতের নিবন্ধন ইতোপূর্বে দেয়া হয়েছে। এছাড়াও সংশ্লিষ্ট কোম্পানির কর্মকর্তা তাদের প্রস্তাবিত জাত দুইটি পারটেক্স হাইব্রিড ধান-৫ (এইচআর-২৯) এবং পারটেক্স হাইব্রিড-৬ (এইচআর-৩০) নামে নিবন্ধনের জন্য বীজ প্রত্যয়ন এজেন্সীতে আবেদন করেছেন।

আলোচ্য সূচী-(ছ) এর ১০ নং ক্রমিকে মুদ্রনজনিত ভুলে পারটেক্স এগ্রো লি: এর পারটেক্স হাইব্রিড ধান-৫ (এইচআর-২৯) চাইনিজ উৎসের স্থলে ভারত এবং ১২ নং ক্রমিকে বর্ণিত পেট্রোকেম হাইব্রিড ধান-৪ (Pioneer 27P22) জাতটির উৎস ভারতের স্থলে 'চীন' লেখা হয়েছিল।

সিদ্ধান্ত : পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সীর প্রস্তাবিত জাতের নামটি ইতোপূর্বে নামকরণ হওয়ায় পুনরায় একই নাম দেয়ার সুযোগ নেই। পারটেক্স হাইব্রিড ধান-৫ (এইচআর-২৯) জাতটির উৎস ভারতের পরিবর্তে চীন এবং পেট্রোকেম হাইব্রিড ধান-৪ (Pioneer 27P22) জাতটির উৎস চীন এর পরিবর্তে ভারত শব্দটি সংযোজন করে জাতীয় বীজ বোর্ডের ৯০তম সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো।

**আলোচ্য সূচী-(খ) : ৯০তম সভার সিদ্ধান্ত এবং বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা।**

| আলোচ্যসূচী ও বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| খ-(২) প্রস্তাবিত বীজ আইনের খসড়া-২০১৬ | মন্ত্রিপরিষদে নীতিগত অনুমোদনপ্রাপ্ত বীজ আইন,২০১৬ খসড়াটি আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে ভেটিং এর জন্য প্রেরণ করা হয়েছে। | ভেটিংকৃত খসড়াটি আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ হতে পাওয়ার পর পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। |
| খ-(৪) উদ্ভিদ সংগনিরোধ বিধিমালা-২০১৬ এর খসড়া বাংলা ভাষায় অনুবাদ | বিশেষজ্ঞ কমিটিতে বিধিমালাটি প্রেরণ করা হয়েছে। যাচাই বাছাইকৃত বিধিমালাটি পাওয়া গেছে এবং সংশ্লিষ্ট সকল অংশিজন ও আন্ত:মন্ত্রণালয় সভায় উপস্থাপনের জন্য প্রস্তুতি চলছে। | ফেব্রুয়ারি মাসের মধ্যে অংশীজন সভা সম্পন্ন করে পরবর্তীতে উদ্ভিদ সংগনিরোধ বিধিমালা-২০১৬ এর খসড়াটি আন্ত:মন্ত্রণালয় সভায় উপস্থাপন করতে হবে। |
| খ-(৫) ন্যাশনাল প্ল্যান্ট জেনেটিক রিসোর্স ইনস্টিটিউট (NPGRI) কর্তৃপক্ষ গঠন | ন্যাশনাল প্ল্যান্ট জেনেটিক রিসোর্স ইনস্টিটিউট (NPGRI) কর্তৃপক্ষ গঠনের খসড়া বিশেষজ্ঞ কমিটি হতে পাওয়া গেছে; যা অংশিজনদের সভায় উপস্থাপন ও পরবর্তী আন্ত:মন্ত্রণালয় সভা আহবান করা হবে। | ফেব্রুয়ারি মাসের মধ্যে অংশীজন সভা সম্পন্ন করে পরবর্তীতে ন্যাশনাল প্ল্যান্ট জেনেটিক রিসোর্স ইনস্টিটিউট (NPGRI) কর্তৃপক্ষ গঠনের খসড়াটি আন্ত:মন্ত্রণালয় সভায় উপস্থাপন করতে হবে। |
| খ-(৭) আলুর জাত ছাড়করণে মাঠ মূল্যায়নের মানদণ্ড নির্ধারণ এবং আলুর জাত উন্নয়ন, ছাড়করণ ও নিবন্ধিকরণ নীতিমালা অনুমোদন। | কারিগরি কমিটি ৮৫তম সভার কার্য বিবরণীতে আলুর জাত ছাড়করণে মাঠ মূল্যায়নের মানদণ্ড নির্ধারণ এবং আলুর জাত উন্নয়ন, ছাড়করণ ও নিবন্ধিকরণ নীতিমালা অনুমোদনের কোনো সুপারিশ পাওয়া যায়নি। | আলুর জাত ছাড়করণে মাঠ মূল্যায়নের মানদণ্ড নির্ধারণ সংক্রান্ত কমিটির সুপরিশসমূহ আলুর জাত উন্নয়ন, ছাড়করণ ও নিবন্ধিকরণ নীতিমালায় অন্তর্ভুক্ত করে কারিগরি কমিটির সুপারিশসহ নীতিমালাটি পরবর্তী জাতীয় বীজ বোর্ডের সভায় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করবে (**দায়িত্ব** : কারিগরি কমিটি)। |

**আলোচ্য সূচী-(গ) : বোরো মৌসুমে চাষাবাদের জন্য হাইব্রিড ধানের জাত নিবন্ধন।**

আলোচনা : সুপ্রিম সীড কোম্পানী লিমিটেড এর প্রস্তাবিত সুপ্রিম হাইব্রিড ধান-১১ (হাইব্রিড হীরা-১৯ PAN-809) জাতটির উৎস ভারত। গড় জীবনকাল ১২০-১২৫ দিন। অনফার্মে সর্বোচ্চ গড় ফলন ৭.৬ মে.টন/হেক্টর এবং অনস্টেশনে সর্বোচ্চ গড় ফলন ৮.২ মে.টন/হেক্টর। এই জাতের চাল চিকন ও ভাত ঝরঝরে। জাতটির ফলন চেকজাত ব্রিধান-২৮ হতে ২০% এর অধিক হওয়ায় সুপ্রিম হাইব্রিড ধান-১১ (হাইব্রিড হীরা ১৯-PAN-809) হিসেবে সারা দেশে বোরো মৌসুমে চাষাবাদের জন্য কারিগরি কমিটির ৮৪ তম সভার সংশোধিত কার্যবিবরণীতে নিবন্ধনের জন্য সুপারিশ করা হয়েছে।

সিদ্ধান্ত: সুপ্রিম সীড কোম্পানী লিমিটেডের হাইব্রিড ধানের জাত হাইব্রিড হীরা-১৯ (PAN-809), কারিগরি কমিটির সুপারিশের প্রেক্ষিতে 'সুপ্রিম হাইব্রিড ধান-১১ (হাইব্রিড হীরা ১৯-PAN-809)' নামে বোরো মৌসুমে সারাদেশে চাষাবাদের জন্য নিবন্ধনের অনুমোদন দেয়া হলো।

**আলোচ্য সূচী-(ঘ): বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের প্রস্তাবিত গমের ২টি কৌলিক সারি (১) BAW-1182 (২) BAW-1202 যথাক্রমে বারি গম ৩১ ও বারি গম ৩২ হিসেবে ছাড়করণ।**

আলোচনা : (১) প্রস্তাবিত বারি গম ৩১ (BAW-1182) জাতটি বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের উদ্ভাবিত একটি উচ্চ ফলনশীল গমের জাত। জাতটির বিশেষ বৈশিষ্ট্য হচ্ছে -পাতার দাগ রোগ সহনশীল, মরিচা রোগ প্রতিরোধী, তাপ সহিষ্ণু এবং দানা সাদা ও আকারে মাঝারী। জীবনকাল ১০৫-১০৯ দিন। উপযুক্ত পরিবেশে হেক্টর প্রতি সর্বোচ্চ গড় ফলন ৪.৪-৫.০ মে.টন। আমন ধান কাটার পর দেরীতে বপনের জন্য এ জাতটি উপযোগী। প্রস্তাবিত জাতটি চেকজাত বারি গম ২৪ থেকে ৬টি ভিন্ন বৈশিষ্ট্য সম্পন্ন। কারিগরি কমিটি, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের প্রস্তাবিত BAW-1182 কৌলিক সারিটি বারি গম ৩১ হিসেবে সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করণের সুপারিশ করেছে।

(২) প্রস্তাবিত বারি গম ৩২ (BAW-1202) জাতটি বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের উদ্ভাবিত একটি উচ্চ ফলনশীল গমের জাত। গমের শতাব্দী ও গৌরব জাতের সাথে শংকরায়ণের মাধ্যমে জাতটি উদ্ভাবন করা হয়। জাতটি পাতার দাগ রোগ সহনশীল, মরিচা রোগ প্রতিরোধী, তাপ সহিষ্ণু এবং দানা সাদা ও আকারে মাঝারী। উপযুক্ত পরিবেশে হেক্টর প্রতি সর্বোচ্চ গড় ফলন ৪.৬-৫.০ মে.টন। আমন ধান কাটার পর দেরীতে বপনের জন্য জাতটি উপযোগী। প্রস্তাবিত জাতটি চেকজাত বারি গম ২৪ থেকে ৬টি ভিন্ন বৈশিষ্ট্য সম্পন্ন। কারিগরি কমিটি, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের প্রস্তাবিত BAW-1202 কৌলিক সারিটি বারি গম ৩২ হিসেবে সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করণের সুপারিশ করেছে।

সিদ্ধান্ত: (১) বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের গমের কৌলিক সারি BAW-1182, 'বারি গম ৩১' হিসেবে সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করণের অনুমোদন দেয়া হলো।
(২) বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের গমের কৌলিক সারি BAW-1202 'বারি গম ৩২' হিসেবে সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করণের অনুমোদন দেয়া হলো।

**আলোচ্য সূচী : বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের কন্দাল ফসল গবেষণা কেন্দ্র কর্তৃক প্রস্তাবিত আলুর ৪ টি সারি/জাত (ক) বারি আলু-৭৪ (Bercelona), (খ) বারি আলু-৭৫ (Montecarlo), (গ) বারি আলু-৭৬ (Caruso), (ঘ) বারি আলু-৭৭ (Sarpo Mira) নামে ছাড়করণ।**

আলোচনা : (১) প্রস্তাবিত Bercelona কৌলিক সারিটি নেদারল্যান্ড থেকে বেসরকারি কোম্পানি কর্তৃক আমদানীকৃত; যা খাবার আলু হিসেবে ব্যবহারযোগ্য। এই জাতের বীজ হতে ৯০-৯৫ দিনে আলু সংগ্রহ করা যায়। আলু ডিম্বাকৃতি থেকে লম্বা ডিম্বাকৃতি ও বড় আকারের। আলুর চামড়া মাঝারী মসৃন ও হলুদ রংয়ের। আলুর ভিতরের অংশ ক্রীম রংয়ের ও চোখ অগভীর। জাতটির সর্বোচ্চ গড় ফলন ৪৬.২৫ মে.টন/হেক্টর। জাতটি চেকজাত ডায়মন্ট ও গ্রানোলা থেকে ৮টি ভিন্ন বৈশিষ্ট্য সম্পন্ন। কারিগরি কমিটি, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের প্রস্তাবিত Bercelona কৌলিক সারিটি বারি আলু-৭৪ নামে সারাদেশে চাষাবাদের নিমিত্ত ছাড়করণের জন্য সুপারিশ করেছে।

(২) প্রস্তাবিত Montecarlo কৌলিক সারিটি নেদারল্যান্ড থেকে বেসরকারি কোম্পানি কর্তৃক আমদানীকৃত; যা খাবার আলু হিসেবে ব্যবহারযোগ্য। এই জাতের বীজ হতে ৭০-৭৫ দিনে আলু সংগ্রহ করা যায়। আলু খাটো ডিম্বাকৃতি ও মাঝারি আকারের। আলুর চামড়া মাঝারী মসৃন ও লাল রংয়ের। আলুর ভিতরের অংশ সাদা রংয়ের ও চোখ অগভীর। জাতটির সর্বোচ্চ গড় ফলন ৪০.০ মে.টন/হেক্টর। জাতটি চেকজাত বারি আলু-২৫ (এস্টারিক্স) থেকে ৫টি ভিন্ন বৈশিষ্ট্য সম্পন্ন। কারিগরি কমিটি, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের প্রস্তাবিত Montecarlo কৌলিক সারিটি বারি আলু-৭৫ নামে সারাদেশে চাষাবাদের নিমিত্ত ছাড়করণের জন্য সুপারিশ করেছে।

(৩) প্রস্তাবিত Caruso কৌলিক সারিটি নেদারল্যান্ড থেকে বেসরকারি কোম্পানি কর্তৃক আমদানীকৃত; যা প্রক্রিয়াজাতকরণ শিল্পে ব্যবহারযোগ্য। এই জাতের বীজ হতে ৯০-৯৫ দিনে আলু সংগ্রহ করা যায়। আলু খাটো ডিম্বাকৃতি, গোলাকার ও মাঝারি আকারের। আলুর চামড়া মাঝারী মসৃন ও হলুদ রংয়ের। আলুর ভিতরের অংশ হলুদ রংয়ের ও চোখ মাঝারী গভীর। জাতটির সর্বোচ্চ গড় ফলন ৩৫.৩১ মে.টন/হেক্টর। জাতটি চেকজাত বারি আলু-২৮ (লেডিরোসেটা) থেকে ৭টি ভিন্ন বৈশিষ্ট্য সম্পন্ন। কারিগরি কমিটি, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের প্রস্তাবিত Caruso কৌলিক সারিটি বারি আলু-৭৬ নামে সারাদেশে চাষাবাদের নিমিত্ত ছাড়করণের জন্য সুপারিশ করেছে।

(৪) প্রস্তাবিত Sarpo Mira কৌলিক সারিটি ডেনমার্ক থেকে বেসরকারি কোম্পানি কর্তৃক আমদানীকৃত; যা খাবার আলু হিসেবে ব্যবহারযোগ্য। জাতটির বিশেষ বৈশিষ্ট্য হচ্ছে লেইট ব্লাইট রোগ প্রতিরোধী। এই জাতের বীজ হতে ৯০-৯৫ দিনে আলু সংগ্রহ করা যায়। আলু লম্বা ডিম্বাকৃতি ও বড় আকারের। আলুর চামড়া মাঝারী মসৃন ও লাল রংয়ের। আলুর ভিতরের অংশ হলুদ রংয়ের ও চোখ অগভীর। জাতটির সর্বোচ্চ গড় ফলন ৩৪.৩১ মে.টন/হেক্টর। জাতটি চেকজাত বারি আলু-৭ (ডায়ামন্ট) থেকে ৭টি ভিন্ন বৈশিষ্ট্য সম্পন্ন। কারিগরি কমিটি, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের প্রস্তাবিত Sarpo Mira কৌলিক সারিটি বারি আলু-৭৭ নামে সারাদেশে চাষাবাদের নিমিত্ত ছাড়করণের জন্য সুপারিশ করেছে।

সিদ্ধান্ত: ১) বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের আলুর কৌলিক সারি Bercelona, 'বারি আলু-৭৪(Bercelona)' নামে সারাদেশে চাষাবাদের নিমিত্ত ছাড়করণের অনুমোদন দেয়া হলো।

২) বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের আলুর কৌলিক সারি Montecarlo, 'বারি আলু-৭৫(Montecarlo)' নামে সারাদেশে চাষাবাদের নিমিত্ত ছাড়করণের অনুমোদন দেয়া হলো।

৩) বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের আলুর কৌলিক সারি Caruso, 'বারি আলু-৭৬(Caruso)' নামে সারাদেশে চাষাবাদের নিমিত্ত ছাড়করণের অনুমোদন দেয়া হলো।

৪) বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের আলুর কৌলিক সারি Sarpo Mira, 'বারি আলু-৭৭(Sarpo Mira)' নামে সারাদেশে চাষাবাদের নিমিত্ত ছাড়করণের অনুমোদন দেয়া হলো।

আলোচ্য সূচী-(ঙ): **বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউটের কেনাফ এর প্রস্তাবিত কৌলিক সারি Kenaf 1641/C (KE-3), বিজেআরআই কেনাফ-৪ নামে ছাড়করণ।**

আলোচনা : বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউটের প্রস্তাবিত জাতটি ইরান থেকে আহরিত কৌলিক সম্পদ ব্যবহার করে বিশুদ্ধ সারি নির্বাচনের মাধ্যমে উদ্ভাবন করা হয়েছে। জাতটি পাটের মতই আঁশ উৎপাদনকারী একটি উন্নত জাত এবং Malvaceae পরিবারের অর্ন্তভুক্ত। জাতের কান্ড লাল রংয়ের; যা এ পর্যন্ত উদ্ভাবিত জাতসমূহ থেকে সম্পূর্ণ আলাদা। জাতটির উল্লেখযোগ্য বৈশিষ্ট্য হলো জাতটি দ্রুত বর্ধনশীল, জলাবদ্ধতা সহিষ্ণু, অধিক ফলনশীল ও বারোমাস সম্পন্ন। এ জাতের সর্বোচ্চ গড় প্ল্যান্ট পপুলেশন-২.৭৫ লক্ষ/হে.। ইহা উঁচু-নিচু পাহাড়ী অঞ্চল, চর অঞ্চল ও উপকুলীয় অঞ্চলে চাষাবাদ উপযোগী। প্রস্তাবিত জাতটি চেকজাত এইচসি-৯৫ থেকে ৮টি ভিন্ন বৈশিষ্ট্য সম্পন্ন। কারিগরি কমিটি, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউটের কেনাফ এর প্রস্তাবিত জাত বিজেআরআই কেনাফ-৪ হিসেবে সারাদেশে চাষাবাদের নিমিত্ত ছাড়করণের সুপারিশ করেছে।

সিদ্ধান্ত : বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউটের কেনাফ এর জাত Kenaf 1641/C (KE-3), 'বিজেআরআই কেনাফ-৪' হিসেবে সারাদেশে চাষাবাদের নিমিত্ত ছাড়করণের অনুমোদন দেয়া হলো।

আলোচ্য সূচী-(চ) : **পাট ও কেনাফ বীজ আমদানির পরিমাণ নির্ধারণ।**

আলোচনা : সরকারের পাটবান্ধব নীতি ও কর্মসূচি গ্রহণের ফলে পাট চাষিরা বর্তমানে পাটের ন্যায্যমূল্য পাচ্ছে এবং পাটের আবাদ বৃদ্ধি পাচ্ছে। আসন্ন ২০১৭-১৮ পাট উৎপাদন মৌসুমে চাষাবাদের জন্য প্রায় ৮.১৮ লক্ষ হেক্টর জমিতে পাট ও কেনাফ চাষের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। কৃষিতাত্ত্বিক চাহিদা মতে দেশে তোষা পাট বীজের চাহিদা ৬,৪০০ মে.টন এবং কেনাফ বীজের চাহিদা ১,৩০০ মে.টন। বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের উৎপাদিত ৪০০ মে.টন তোষা পাট বীজ, বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের উফশী পাট বীজ উৎপাদন প্রকল্পে সরবরাহ করা হবে। পাট ও কেনাফ বীজ আমদানির বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত :

(ক) প্রচলিত নিয়মানুযায়ী বেসরকারি পর্যায়ে ভারত হতে রাষ্ট্রীয় প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যায়িত মানের ৫,০০০ (পাঁচ হাজার) মে. টন জে আরও-৫২৪ জাতের তোষা পাট বীজ এবং ১,১০০ (এক হাজার একশত) মে.টন কেনাফ বীজ আমদানির অনুমোদন দেয়া হলো। যার আইপি (Import permit) এর মেয়াদ প্রাপ্তির পর হতে ৬০ দিন হবে। প্রথমে কেনাফ বীজ এবং পরবর্তীতে তোষা পাট বীজের আইপি (Import permit) ইস্যু করা হবে।

(খ) বেসরকারি পর্যায়ে ভারত হতে আমদানীযোগ্য পাট বীজের গুণগতমান অধিকতর নিশ্চিতকল্পে গত বছরের ন্যায় এবারও port of entry বেনাপোল (যশোর) এবং বুড়িমারী (লালমনিরহাট) স্থল বন্দর হবে। বীজের গুণগত মান বজায় রাখার স্বার্থে আমদানিকৃত পাট বীজের প্যাকেটের গায়ে উৎপাদনকারী প্রতিষ্ঠান ও আমদানিকারক কোম্পানির নাম-ঠিকানা স্পষ্ট আকারে উল্লেখ থাকতে হবে।

(গ) বিগত বছরগুলোতে ভারত থেকে আসা বিভিন্ন কোম্পানীর ব্রান্ডের পাট বীজ বাজারে পাওয়া গেছে, যাতে ব্যবহৃত বীজ প্রত্যয়ন ট্যাগ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ছিল না। চলতি বছর এ বিষয়ে পাট বীজ আমদানী ও বিপণনে জড়িত সংশ্লিষ্ট সকল বীজ ডিলার ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তাদের সতর্ক দৃষ্টি রাখতে হবে।

(ঘ) গত বছর আমদানির অনুমতিপত্র (IP) নেয়া সত্বেও যে সকল বীজ ডিলার বরাদ্দকৃত পরিমাণ পাট ও কেনাফ বীজ আমদানি করেনি, আসন্ন মৌসুমে সে সকল বীজ ডিলারকে তোষা পাট বীজ আমদানির অনুমতিপত্র (IP) দেয়ার বিষয়ে পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং'কে সর্তক থাকতে হবে।

আলোচ্য সূচী-(ছ) : **"বীজ ডিলার হিসাবে নিবন্ধনের প্রত্যয়নপত্র" নবায়নের সময়সীমা বৃদ্ধিকরণ।**

আলোচনা : জাতীয় বীজ বোর্ডের ৮৬তম সভার সিদ্ধান্ত মোতাবেক বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়ের ২৬/০৬/২০১৬ তারিখের ৪২২ নং পরিপত্র অনুযায়ী ৩১ ডিসেম্বর,২০১৬ তারিখের মধ্যে "বীজ ডিলার হিসাবে নিবন্ধনের প্রত্যয়নপত্র" নবায়নের সময়সীমা নির্ধারণ করা হয়েছিল। কিন্তু ৩১ ডিসেম্বর,২০১৬ তারিখ পর্যন্ত মোট ৪,৫০০ টি আবেদন পাওয়া গেছে এবং ৪,৫০০ টি নবায়ন করা হয়েছে। নির্ধারিত সময়সীমার মধ্যে অনেকেই বীজ ডিলার নবায়নের জন্য আবেদন করতে পারেননি এবং সময়সীমা অতিবাহিত হওয়ার পরও নিবন্ধন নবায়নের জন্য ৫৫০ টি আবেদন পত্র পাওয়া গেছে। এছাড়াও বিভিন্ন জেলা থেকে জেলা বীজ প্রত্যয়ন কর্মকর্তাগণ লিখিত ও মৌখিকভাবে আবেদনের সময়সীমা বাড়ানোর জন্য অনুরোধ করেছেন। সময়সীমা বৃদ্ধির বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত : ১) "বীজ ডিলার হিসাবে নিবন্ধনের প্রত্যয়নপত্র" নবায়নের সময়সীমা আগামী ২৮ ফেব্রুয়ারি, ২০১৭ পর্যন্ত বর্ধিত করা হলো।
২) "বীজ ডিলার হিসাবে নিবন্ধনের প্রত্যয়নপত্র" প্রদান ও নবায়ন প্রক্রিয়া সহজ করার জন্য কারিগরি কমিটি সুপারিশসহ প্রস্তাব পরবর্তী জাতীয় বীজ বোর্ড সভায় প্রেরণ করবে (**দায়িত্ব :** কারিগরি কমিটি)।

আলোচ্য সূচী-(জ) : **বিবিধ**

**(১) বাংলাদেশ সীড এসোসিয়েশন (বিএসএ) কে শক্তিশালীকরণ।**

আলোচনা : বাংলাদেশ সীড এসোসিয়েশন (বিএসএ) হতে সভাপতি স্বাক্ষরিত একটি পত্র পাওয়া গেছে। পত্রে উল্লেখ করা হয়েছে, বিএসএ বেসরকারি বীজ ব্যবসায়ীদের একমাত্র সংগঠন। এছাড়াও বীজ ব্যবসায় শৃঙ্খলার জন্য বীজ ব্যবসায়ীদেরকে বিএসএ এর সদস্যপদ গ্রহণের প্রয়োজনীয়তা উল্লেখ করেছেন। সভাপতি বিএসএ বীজ ডিলার হিসেবে নিবন্ধন প্রত্যয়ন এবং নিবন্ধন নবায়নে বিএসএ'কে সম্পৃক্ত রাখার জন্য অনুরোধ করেছেন।

সিদ্ধান্ত : বাংলাদেশ সীড এসোসিয়েশন (বিএসএ) কে বীজ ডিলার হিসেবে নিবন্ধন প্রত্যয়ন এবং নিবন্ধন প্রত্যয়ন নবায়ন প্রক্রিয়ায় সম্পৃক্ত করার বিষয়ে কারিগরি কমিটি জাতীয় বীজ বোর্ডের পরবর্তী সভায় উপস্থাপনের জন্য একটি মতামত প্রেরণ করবে।

**(২) সীড মনিটরিং সফ্টওয়্যারে নোডাল পয়েন্ট হতে বস্তুনিষ্ঠ ও নির্ভরযোগ্য বীজ সংক্রান্ত তথ্য উপাত্ত আপলোড।**

আলোচনা : মাননীয় মন্ত্রী মহোদয় কর্তৃক ডিসেম্বর, ২০১৬ মাসে সীড মনিটরিং সফ্টওয়্যার উদ্বোধন করা হয়েছে। সফ্টওয়্যারটি কৃষি মন্ত্রণালয়ের বীজ অনুবিভাগ হতে মনিটরিং করা হচ্ছে। বস্তুনিষ্ঠ ও নির্ভরযোগ্য তথ্য উপাত্ত এগারটি নোডাল পয়েন্ট ব্রি, বারি, বিনা, বিজেআরআই, বিএসসিআরআই, সিডিবি, বিএডিসি, এসসিএ, ডিএই, উদ্ভিদ সংগনিরোধ উইং ও বিএসএ হতে নিয়মিত আপলোড করা প্রয়োজন। এক্ষেত্রে বেসরকারি সেক্টর (বিএসএ) হতে আশানুরূপ সাড়া পাওয়া যাচ্ছে না। বিভিন্ন ফসলের বীজের উৎপাদন, বিপণন ও আমদানি-রপ্তানি বিষয়ক সঠিক তথ্য উপাত্ত আপলোডের জন্য বাংলাদেশ সীড এসোসিয়েশনসহ অন্যান্যও দশটি দপ্তর সংস্থার সক্রিয় সহযোগিতা প্রয়োজন। নোডাল পয়েন্ট বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত : সীড মনিটরিং সফ্টওয়্যারে বেসরকারি সেক্টর (বিএসএ)-এর নোডাল পয়েন্ট হতে বিভিন্ন ফসলের বীজের উৎপাদন, বিপণন ও আমদানি-রপ্তানি বিষয়ক সঠিক তথ্য উপাত্ত আপলোডের জন্য বাংলাদেশ সীড এসোসিয়েশন একটি প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করবে।

**(৩) খাবার আলু ও প্রক্রিয়াজাতকরণের উপযোগী আলুর জন্য আলাদাভাবে 'আলুর জাত উন্নয়ন, ছাড়করণ ও নিবন্ধিকরণ নীতিমালা' প্রয়োজন।**

আলোচনা : খাবার আলু ও প্রক্রিয়াজাতকরণ শিল্পে ব্যবহার উপযোগী আলুর জাত ছাড়করণের ক্ষেত্রে আলাদা বৈশিষ্ট্য ও ভিন্ন চেকজাত নির্ধারন করা প্রয়োজন। কারণ প্রক্রিয়াজাতকরণ শিল্পে ব্যবহার উপযোগী আলুর জাতে ড্রাই ম্যাটার বেশি থাকার কারণে ফলন অপেক্ষাকৃত কম হয়।

সিদ্ধান্ত : খাবার আলু ও প্রক্রিয়াজাতকরণ শিল্পে ব্যবহার উপযোগী আলুর জাত ছাড়করণের জন্য 'আলুর জাত উন্নয়ন, ছাড়করণ ও নিবন্ধিকরণ নীতিমালা'য় একটি আলাদা সুপারিশ সংযোজন করে কারিগরি কমিটি পরবর্তী জাতীয় বীজ বোর্ডের সভায় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করবে (**দায়িত্ব :** কারিগরি কমিটি)।

পরিশেষে সভাপতি নতুন জাত উদ্ভাবনের জন্য সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠান ও বিজ্ঞানীদেরকে ধন্যবাদ জানান এবং কৃষক পর্যায়ে নতুন জাতগুলিকে সম্প্রসারণের উদ্যোগ নেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৫.০২.২০১৭

(মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ্)
সচিব
কৃষি মন্ত্রণালয়।

F:\NSB all file\NSB Minutes-91 (05.02.17).doc

পরিশিষ্ট- 'ক'

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়, বীজ অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়
www.moa.gov.bd

## জাতীয় বীজ বোর্ডের ৯১তম সভায় উপস্থিত কর্মকর্তাদের স্বাক্ষরের তালিকা

বিষয় : জাতীয় বীজ বোর্ডের ৯১তম সভা
তারিখ : ০১-০২-২০১৭ খ্রি:, সময় : বেলা ০৩.০০ ঘটিকা
স্থান : সম্মেলন কক্ষ, কৃষি মন্ত্রণালয়
সভাপতি : সচিব, কৃষি মন্ত্রণালয়

| ক্র: নং | নাম | পদবী ও প্রতিষ্ঠানের নাম | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | আশরাফ উদ্দিন আহমদ | অতিরিক্ত সচিব ও মহাপরিচালক বীজ কৃষি মন্ত্রণালয় | ashrafuddin61@gmail.com | [signature] ০১/২/১৭ |
| ২ | মো: হেলাল উদ্দিন আহমদ | অতিরিক্ত সচিব কৃষি মন্ত্রণালয় | | [signature] |
| ৩ | মো: নাসিরুজ্জামান | চেয়ারম্যান বিএডিসি | ০১/০২/১৭ | [signature] |
| ৪ | সৌমেন সাহা | পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং DAE | dpqw@dae.gov.bd | [signature] ১/২/১৭ |
| ৫ | ড. মো: জসিম উদ্দিন ~~নির্বাহী চেয়ারম্যান~~ | নির্বাহী চেয়ারম্যান বিএআরসি | 01720620621 mdjasimuddin1958@gmail.com | [signature] ১/২/১৭ |
| ৬ | মো: মনজুরুল হান্নান | মহাপরিচালক ডিএই | 01745938170 dg@dae.gov.bd | [signature] ১/২/১৭ |
| ৭ | ড. আবুল কালাম আজাদ | মহা-পরিচালক বিএআরআই | 01727210995 | [signature] ১/২/২০১৭ |
| ৮ | মো: আইয়ুব হোসেন | অতি: পরিচালক (বী: উ:) বিএডিসি | 01818415912 | [signature] ০১/০২/১৭ |
| ৯ | ড. মো: মনজুরুল আলম | মহাপরিচালক বা: ধা: বিআরআরআই | 01713118907 | [signature] ০১/২/২০১৭ |
| ১০ | প্রফেসর ড. মো: আব্দুল হোসেন | প্রধান, বীজ প্রযুক্তি ও ... বাকৃবি, ময়মনসিংহ | 01727276444 | [signature] 1-2-17 |
| ১১ | মো: আনোয়ারুল হক | পরিচালক বীজ প্রত্যয়ন এজেন্সী | 01720379535 | [signature] |

| | নাম | পদবী | টেলিফোন নং ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১২ | M. ANIS UD DOWLA | Bangbld Seed | | |
| ১৩ | Dr. F H ANSAREY | ACI Ltd | | |
| ১৪ | Dr. Md. Ansar Ali | D(Res), BRRI | | |
| ১৫ | Dr. Hosne-Ara Begum | D(Res), BINA | | |
| ১৬ | Dr. Md. Fariduddin | ED, CDB | | |
| ১৭ | ড. বিমল চন্দ্র কুন্ডু | PSO, TCRC, BARI গাজীপুর | 01712681181 kundubc@yahoo.com | |
| ১৮ | মো: দেলোয়ার হোসেন চৌধুরী | CSO, SRDI | 01974667799 delawarsrdi@yahoo.com | |
| ১৯ | ড: চন্দন কুমার নিয়োগী | সিএসও/বিজেআরআই | ০১৯২৬ ৫১০০০৮ chandanbjri@yahoo.com | |
| ২০ | ড. মো. আমজাদ হোসেন | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (সংরক্ষণ) বিএডিসি | ০১৯১৮-৮২৬২০০ amzadbiotech@yahoo.com | |
| ২১ | মুহাম্মদ নেয়ামুল নাসির | সহকারী বীজতত্ত্ববিদ, বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয় | 01913471802 neamulseed@gmail.com | |
| ২২ | মানিক চন্দ্র কর্মকার | সহকারী বীজতত্ত্ববিদ বীজ অনুবিভাগ কৃষি মন্ত্রণালয় | 01718 018710 mckarmoker@gmail.com | |
| ২৩ | মো: আজিম উদ্দিন | প্রধান বীজতত্ত্ববিদ কৃষি মন্ত্রণালয় | ০১৭৫৫ ৬০৪১৪০ azimseed@gmail.com | |
| ২৪ | | | | |
| ২৫ | | | | |